



শেখ হাসিনার কাজ পাকিস্তানি সেনাদের বর্বরতাকেও ছাড়িয়ে গেছে: আইন উপদেষ্টা



আইন উপদেষ্টা আসিফ নজরুল: সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল অভিযোগ করেছেন, বর্তমান সরকারের দমন-পীড়নের মাত্রা ১৯৭১ সালে পাকিস্তানি সেনাবাহিনীর নির্মমতাকেও ছাড়িয়ে গেছে।

মঙ্গলবার (২৯ জুলাই) সকালে বিচার প্রশিক্ষণ ইনস্টিটিউটে আয়োজিত এক আলোচনা সভায় তিনি বলেন, “২০২৪ সালের জুলাই ও আগস্টে সংঘটিত একাধিক হত্যাকাণ্ডের বিচার হবে—এই বিষয়ে কেউ হতাশ হবেন না। বিচার প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে এবং আমরা আশা করি, বর্তমান সরকারের মেয়াদেই এর সুনির্দিষ্ট ফল আসবে।”

তিনি আরও বলেন, “সত্যের পক্ষে দৃঢ় অবস্থান রেখে এমনভাবে সাক্ষ্য-প্রমাণ সংরক্ষিত থাকবে, যাতে ভবিষ্যতে কোনো সরকার বিচার থেকে পিছু হটতে না পারে।”

LENS ASIA